Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **D-150**

বিষয়: **সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন এবং স্পেশাল এডুকেশন এবং সিটিওয়াইড ডিস্ট্রিক্ট** 75 **কাউন্সিল-এর সদস্য মনোনয়ন প্রক্রিয়া**

শ্রেণী: **সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন**

ইস্যুর তারিখ: **29 এপ্রিল, 2021**

## পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান 28 জানুয়ারি, 2021 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান D-150 কে হালনাগাদ করে এবং তার স্থলাভিষিক্ত হয়।

পরিবর্তনসমূহ:

- প্রতি যোগ্য শিক্ষার্থীকে (সেকশন I.E.1.b এবং II.F.1.b) শুধুমাত্র একটি ভোট দানের পরিবর্তে তিনটি ভোট দানের সুযোগ প্রদান করে।

NYC Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **D-150**
বিষয়: **সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন এবং স্পেশাল এডুকেশন এবং সিটিওয়াইড ডিস্ট্রিক্ট 75 কাউন্সিল-এর সদস্য মনোনয়ন প্রক্রিয়া**
শ্রেণী: **সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন**
ইস্যুর তারিখ: **29 এপ্রিল, 2021**

**সার-সংক্ষেপ**

এই প্রবিধান সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন ("CCSE") ও ডিস্ট্রিক্ট 75 কাউন্সিল ("D75 কাউন্সিল") প্রার্থীদের যোগ্যতার শর্ত ও প্রার্থী মনোনয়ন ও নির্বাচন প্রক্রিয়া বিস্তারিত করে এবং D75 কাউন্সিলের ক্ষমতা ও দায়িত্ব নির্ধারণ করে। এছাড়াও এটি শূন্যপদ পূরণের প্রক্রিয়াও ব্যাখ্যা করে।

## I. সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন

A. গঠন

একটি মাত্র সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন (“CCHS”) থাকবে যা 11 জন ভোটাধিকারী এবং একজন ভোটাধিকারহীন শিক্ষার্থী সদস্য নিয়ে গঠিত। এই প্রবিধানে প্রতিষ্ঠিত নিয়ম অনুযায়ী নয়জন ভোটাধিকারী সদস্যকে অবশ্যই একটি ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম ("IEP") আছে, এমন শিক্ষার্থীর পিতামাতাদের মধ্য থেকে নির্বাচিত হতে হবে এবং অবশিষ্ট দুই ভোটাধিকারী সদস্যকে নিযুক্তি দিবেন NYC পাবলিক এডভোকেট। শিক্ষার্থী সদস্য নিযুক্ত হয় নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের অফিস অভ স্পেশাল এডুকেশন (“OSE”) কর্তৃক।

B. যোগ্যতা

1. পিতামাতা সদস্যবৃন্দ

a. CCSE-এতে পরিষেবাদানকারী সকল পিতামাতাকে হতে হবে IEP-যুক্ত শিক্ষার্থীদের পিতামাতা।

b. পিতামাতা বলতে পিতা কিংবা মাতা (জন্মগত বা পালক, সৎ-পিতা বা ফস্টার (তত্ত্বাবধানকারী) পিতামাতা), আইনগত অভিভাবক, বা যার সাথে সন্তানের পিতামাতাসুলভ সম্পর্ক আছে, এমন কোনও ব্যক্তিকে বুঝায়। শিক্ষার্থীর সাথে পিতামাতার সম্পর্কে আবদ্ধ ব্যক্তি তিনি, যিনি পিতামাতা বা আইনগত অভিভাবকের স্থলে নিয়মিতভাবে সন্তানের সেবা ও তত্ত্বাবধানের জন্য সরাসরি দায়বদ্ধ থাকেন।

c. যেসব IEP-যুক্ত শিক্ষার্থী বর্তমানে ডিপার্টমেন্ট অভ এডুকেশনের (DOE) পরিচালিত এবং/অথবা অর্থে বিশেষ শিক্ষা পরিষেবা লাভ করছে, তাদের পিতামাতারা CCSE-এর পদের জন্য প্রতিযোগিতা করার যোগ্য বিবেচিত হবেন।

d. CCSE-এর কোনও আসনে প্রার্থী হওয়ার জন্য পিতামাতার আবেদনের তারিখ বিবেচনা করে যোগ্যতা নিশ্চিত করা হয়।

e. আবেদন করার সময় কাজ করার যোগ্য, কিন্তু পদে বহাল থাকাকালে IEP-যুক্ত সন্তানের পিতামাতা হিসেবে প্রার্থী হওয়ার যোগ্যতা হারালে সন্তান যে তারিখ থেকে IEP-যুক্ত শিক্ষার্থী হিসেবে বিবেচিত থাকবে না, সে তারিখ থেকে পিতামাতা কাজ করার যোগ্যতা হারাবেন।

f. পিতামাতা সদস্য দুই বছর মেয়াদের জন্য নির্বাচিত হন এবং কতবার নির্বাচিত হতে পারবেন, সেটি সীমিত নয়।

2. পাবলিক এডভোকেটের নিযুক্তি

a. পাবলিক অ্যাডভোকেট কর্তৃক নিযুক্ত দুজন সদস্যকে প্রতিবন্ধিতা আছে এমন শিক্ষার্থীদের শিক্ষকতা, প্রশিক্ষণ কিংবা নিযুক্তি প্রদানের ব্যাপক অভিজ্ঞতা ও জ্ঞানসম্পন্ন হতে হবে যারা DOE স্কুলসমূহে স্পেশাল এডুকেশনের উন্নতিতে উল্লেখযোগ্য অবদান রাখতে সক্ষম হবেন। এ ধরনের সদস্য দুই বছর মেয়াদের জন্য নির্বাচিত হন এবং কতবার নির্বাচিত হতে পারবেন, তা সীমাবদ্ধ নয়।

b. পাবলিক অ্যাডভোকেট কর্তৃক CCSE-এ নিযুক্ত ব্যক্তিগণ DOE-র অফিস অভ ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এমপাওয়ারমেন্ট ("FACE") থেকে একটি আবেদনপত্র সংগ্রহ করবেন, এবং পূরণকৃত ফর্মটি ccecinfo@schools.nyc.gov ঠিকানায় FACE-এ জমা দেবেন। FACE যোগ্যতা পর্যালোচনা করার পর যোগ্য আবেদনগুলি পাবলিক অ্যাডভোকেটের কাছে পাঠাবে। মনোনয়নের সকল সিদ্ধান্ত পাবলিক অ্যাডভোকেটের বিবেচনা অনুযায়ী হবে।

3. শিক্ষার্থী সদস্য (ভোটাধিকারহীন)

a. IEP-যুক্ত হাই স্কুলের শিক্ষার্থী যারা তাদের কাজের সময় সিনিয়র বর্ষের শিক্ষার্থী হবে, তারা অফিস অব স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ("OSE") কর্তৃক নিযুক্ত হবার যোগ্য হবে। এই প্রবিধান সংশ্লিষ্ট উদ্দেশ্যে, সিনিয়র হলেন এমন শিক্ষার্থী যার 30 হাই স্কুল ক্রেডিট রয়েছে।

b. আগ্রহী শিক্ষার্থীদের অবশ্যই FACE থেকে আবেদনপত্র সংগ্রহ করতে হবে এবং পূরণকৃত আবেদন ccecinfo@schools.nyc.gov ঠিকানায় FACE-এ জমা দিতে হবে। FACE যোগ্যতা পর্যালোচনা করার পর যোগ্য আবেদনগুলি OSE-এর কাছে পাঠাবে। সকল নিযুক্তির সিদ্ধান্ত OSE-এর বিবেচনা অনুযায়ী হবে।
এসব ভোটাধিকারহীন শিক্ষার্থী সদস্যরা এক-বছরের মেয়াদে পরিষেবা দেয় যার শুরু জুলাই মাসের 1 তারিখ ও সমাপ্তি পরবর্তী বছরের 30 জুন।

4. যেসব ব্যক্তি পরিষেবাদানের যোগ্য নন

a. নিচে উল্লিখিত ব্যক্তিগণ যোগ্য নন:

i. নির্বাচিত জনপ্রতিনিধি কিংবা পার্টির পক্ষ থেকে নির্বাচিত বা মনোনীত পদাধিকারী ব্যক্তি (ন্যাশন্যাল, স্টেট বা অন্য কোনও পার্টির কনভেনশনে, কিংবা কোনও কাউন্টি কমিটির সদস্য বা বিকল্প প্রতিনিধি ছাড়া);

ii. বর্তমান DOE কর্মচারীগণ;

iii. যেসব ব্যক্তি অন্য কোনও সিটিওয়াইড কাউন্সিলে বা যেকোনো কমিউনিটি কাউন্সিলে (CEC)-এ আছেন;

iv. প্যানেল ফর এডুকেশন পলিসি-এর সদস্যগণ;

v. প্যারেন্ট অ্যাসোসিয়েশন অথবা প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন (“PA/PTA”), স্কুল লিডারশিপ টিম, ডিস্ট্রিক্ট প্রেসিডেন্টস কাউন্সিল, বরো হাই স্কুল কাউন্সিল, কিংবা টাইটেল ওয়ান কমিটি থেকে যেসব ব্যক্তিকে তাদের কাজের সাথে সরাসরি সম্পর্কিত কোনও অপকর্মের জন্য অপসারণ করা হয়েছে কিংবা এসব অ্যাসোসিয়েশন, টিম, কাউন্সিল বা কমিটি থেকে তাদের কাজের সাথে সরাসরি সম্পর্কিত কোনও অপরাধে যারা দোষী সাব্যস্ত হয়েছেন; এবং

vi. DOE-এর এথিক্স অফিসার বা চ্যান্সেলরের অন্য মনোনীত ব্যক্তি যেসব ব্যক্তিদের সাথে স্বার্থের দ্বন্দ্ব আছে বলে নিশ্চিত করেছেন।

b. নিচের উল্লিখিত ব্যক্তিগণও অযোগ্য বিবেচিত হতে পারেন:

i. যেসব শিক্ষার্থী CEC বা সিটিওয়াইড কাউন্সিলে পরিষেবাদানকালে এমন অপকর্ম করেছে যা তার কাজের সাথে সরাসরি সম্পর্কযুক্ত; কিংবা

ii. যেসব ব্যক্তি কোনো অপরাধের জন্য দণ্ডিত হয়েছেন, যদি সে ধরনের দণ্ড নিউ ইয়র্ক কারেকশন আইনের অনুচ্ছেদ 23-A অনুযায়ী হয়েছে বলে বিবেচনা করা হয়ে থাকে।

C. CCSE-এ নির্বাচনে প্রার্থীতা চাওয়া

1. FACE নির্বাচন প্রক্রিয়াটি প্রকাশ করবে, এর অন্তর্ভুক্ত আবেদনপত্র জমাদান এবং ভোটিংয়ের সময়সীমা, যা শুরু হবে নির্বাচনের বছরের জানুয়ারিতে।

2. CCSE-এ পরিষেবাদানে আগ্রহী পিতামাতাগণ নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্টের (“NYCSA”) মাধ্যমে অনলাইনে আবেদনপত্র জমা দেবেন। যেসব পিতামাতার কমপিউটার ব্যবহারের সুবিধা নেই তারা প্যারেন্ট কোঅর্ডিনেটরকে স্কুল বা ডিস্ট্রিক্ট অফিসের কমপিউটার ব্যবহারের ব্যবস্থা করতে অনুরোধ করতে পারেন বা কোনও পাবলিক লাইব্রেরীর কমপিউটার ব্যবহার সম্পর্কিত তথ্য পেতে 311 নম্বরে ফোন করতে পারেন।

3. প্রার্থীরা তাদের আবেদনপত্রে প্রত্যয়ন করবেন যে তারা DOE স্কুলে অধ্যয়নরত তাদের সকল ছেলেমেয়েকে তাদের NYCSA অ্যাকাউন্ট-এর সাথে সংযুক্ত করেছেন। একজন প্রার্থী যিনি CCSE-এ আবেদন করছেন, তাকে তাদের কোনো সন্তান যে বরোর হাই স্কুলে যাচ্ছে, সে বরোর প্রতিটি ডিস্ট্রিক্টে প্রতিনিধি হিসেবে বিবেচনা করা হবে। কোনও প্রার্থী যে ডিস্ট্রিক্টের প্রতিনিধিত্ব

করছেন, সেই ডিস্ট্রিক্ট সম্পর্কিত তথ্য প্রদান করতে ব্যর্থ হলে সেটি তাকে অযোগ্য বিবেচনার কারণ হতে পারে।

4. প্রার্থীগণ যোগ্য হলে যতগুলো ইচ্ছা কমিউনিটি এবং/অথবা সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলের জন্য আবেদন করতে পারেন কিন্তু, যদি নির্বাচিত হন, তাহলে তিনি শুধু একটিতে পরিষেবা দিতে পারবেন। যেসব প্রার্থী একাধিক কাউন্সিলে আবেদন করতে আগ্রহী, তাদের অবশ্যই অগ্রাধিকারের ভিত্তিতে কাউন্সিলগুলিকে ক্রমানুসারে তালিকাভুক্ত করতে হবে; যদি তিনি একাধিক কাউন্সিলে নির্বাচিত হন, তাহলে তিনি শুধু সেই কাউন্সিলে পরিষেবা দেবেন যেটিকে তিনি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছেন।

D. ক্যান্ডিডেট ফোরাম বা প্রার্থীদের সম্মেলন

1. FACE ন্যূনতম একটি প্রার্থী ফোরাম অনুষ্ঠানের আয়োজন করে যেখানে প্রার্থীগণ পিতামাতা এবং অন্য আগ্রহী পক্ষগুলির কাছে তাদের উপস্থাপনা দিতে অনুমোদিত হবেন।

2. সকল প্রার্থী ফোরাম অনুষ্ঠিত হতে হবে প্রার্থীতার আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ অতিক্রান্ত হওয়ার পর, কিন্তু ভোটদান-পর্ব শুরুর আগে, যার সমাপ্তি হতে হবে নির্বাচনী বছরের মে মাসের দ্বিতীয় মঙ্গলবার।

3. প্রার্থী ফোরামসমূহ কোনও এটি নির্দিষ্ট স্থানে উপস্থিতির মাধ্যমে অথবা ভার্চ্যুয়াল মিটিং প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হতে পারে। FACE প্রার্থী ফোরামের তারিখ, সময় এবং কী ফরম্যাটে সেটি হবে তা নির্ধারণ করবে। সশরীরে অংশগ্রহণযোগ্য ফোরামের ক্ষেত্রে FACE একটি প্রবেশযোগ্য, ADA মেনে চলা স্থানের ব্যবস্থা করবে এবং DOE-এর স্থান ব্যবহারের জন্য সকল প্রয়োজনীয় অনুমতি নেবে ও ব্যয়ভার বহন করবে। ভার্চ্যুয়াল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত ফোরামসমূহের ক্ষেত্রে, FACE প্ল্যাটফর্মের খরচ বহন এবং মিটিংয়ের সময় টেকনিক্যাল সহায়তা প্রদান করবে।

4. প্রতিটি প্রার্থী ফোরামের আগে, FACE প্রত্যেক প্রার্থীর আবেদনের কিছু অংশ লভ্য রাখবে যেখানে প্রার্থীর নাম, তার সন্তানের(দের) স্কুল(সমূহ) এবং প্রোগ্রাম, এবং ব্যক্তিগত বিবৃতির ("প্রার্থীর পরিচিতির পার্শ্বচিত্র") উল্লেখ থাকবে। পিতামাতা এবং জনসাধারণের দেখার জন্য DOE ওয়েবসাইটে প্রার্থী পরিচিতির পার্শ্বচিত্র পোস্ট করা হবে। সশরীরে উপস্থিতির মাধ্যমে আয়োজিত ফোরামের ক্ষেত্রে FACE বিতরণের জন্য অনুলিপির ব্যবস্থা করবে।

E. নির্বাচন প্রক্রিয়া

1. যোগ্য ভোটারগণ

a. একজন IEP-যুক্ত শিক্ষার্থী যে বর্তমানে স্পেশাল এডুকেশন পরিষেবা লাভ করছে এবং DOE-এর কোনও একটি স্কুলে ভর্তি আছে তার পিতামাতা CCSE-তে ভোটদানের যোগ্য।

b. প্রত্যেক যোগ্য শিক্ষার্থী তিনটি ভোট দিতে পারবে।

2. ভোটদান
   a. NYCSA আবেদনের মাধ্যমে পিতামাতাদের ভোটদানের উৎসাহ প্রদান করা হয়।

   b. যেসব পিতামাতার কমপিউটার ব্যবহারের সুবিধা নেই তারা প্যারেন্ট কোঅর্ডিনেটরকে স্কুল বা ডিস্ট্রিক্ট অফিসের কমপিউটার ব্যবহারের ব্যবস্থা করতে অনুরোধ করতে পারেন বা কোনও পাবলিক লাইব্রেরীর কমপিউটার ব্যবহার সম্পর্কিত তথ্য পেতে 311 নম্বরে ফোন করতে পারেন।

   c. সুপারিনটেন্ডেন্টদের অফিসগুলিতে কাগজের ব্যালটও পাওয়া যাবে। যদি কোনো সুপারিনটেন্ডেন্টের অফিস একটি NYCSA অ্যাকাউন্ট তৈরি করে এবং কোনো পিতামাতার পক্ষে ভোটদান করে, তাহলে সে সুপারিনটেন্ডেন্টের অফিসকে অবশ্যই পিতামাতাদের পূরণ করা কাগজের ব্যালটের(সমূহের) রেকর্ড এবং ঐ NYCSA অ্যাকাউন্ট তৈরির জন্য এবং পিতামাতার পক্ষে পিতামাতার ভোটদানের অনুমোদনের রেকর্ড সংরক্ষণ করতে হবে, এবং প্রত্যয়ন করতে হবে যে, সুপারিনটেন্ডেন্ট অফিস সেই পিতামাতার পক্ষে ভোট দান করেছে।

3. পদাধিকারী প্রার্থীগণ

   a. CCSE-এর নয় জন নির্বাচিত সদস্যের মধ্যে, দুজন অবশ্যই ডিস্ট্রিক্ট 75-এর কোনও প্রোগ্রামে এনরোলড্ শিক্ষার্থীর পিতামাতা ("ডিস্ট্রিক্ট 75 পিতামাতা") হবেন। বাকি সাতটি আসন যেকোনো যোগ্য পিতামাতা দ্বারা পূরণ করা যেতে পারে। এরপরও, CCSE-তে ডিস্ট্রিক্ট 75-এর দুজন পিতামাতা প্রতিনিধির অধিক সদস্য থাকবে না, এর ব্যতিক্রম শুধু এমন পরিস্থিতি যখন সকল আসন পূর্ণ করা জরুরি হয়ে ওঠে, CCSE-তে ডিস্ট্রিক্ট 75 ছাড়া অন্য কোনও ডিস্ট্রিক্টের একাধিক পিতামাতা প্রতিনিধি থাকবে না।

   b. যখন ব্যালট গণনা করা হবে:
      i. সর্বোচ্চ ভোট লাভকারী সাত জন প্রার্থী শর্তসাপেক্ষে আসন পূরণের জন্য মনোনীত বলে বিবেচিত হবেন। কিন্তু, এই প্রার্থীদের মধ্যে যদি অন্তর্ভুক্ত থাকে ডিস্ট্রিক্ট 75-এর দুজন পিতামাতার অধিক প্রার্থী, সেক্ষেত্রে সর্বোচ্চ সংখ্যক ভোট প্রাপ্ত দুজন ডিস্ট্রিক্ট 75 পিতামাতাকে বেছে নেয়া হবে, এবং অন্য সকল ডিস্ট্রিক্ট 75 প্রার্থী যারা কম ভোট পেয়েছে তাদের অপসারণ করা হবে এবং পরবর্তী সর্বোচ্চ ভোট প্রাপ্ত সমান সংখ্যক প্রার্থীদেরকে শর্তসাপেক্ষে মনোনীত করা হবে।

      ii. দুইজন ডিস্ট্রিক্ট 75 পিতামাতা ছাড়া সকল প্রার্থী অপসারিত হওয়ার পরে যদি সাতজন সর্বোচ্চ সংখ্যক ভোটপ্রাপ্ত প্রার্থীর মধ্যে কোনো একটি ডিস্ট্রিক্ট থেকে একাধিক প্রার্থী এসে থাকেন (ডিস্ট্রিক্ট 75 বাদে), তাহলে সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রার্থীকে মনোনীত বিবেচনা করা হবে, একই স্কুল থেকে আসা স্বল্পতর ভোটপ্রাপ্তদেরকে অপসারণ করা হবে, এবং পরবর্তীতে CCSE-তে কোনো প্রতিনিধিত্ব নেই, তেমন স্কুলের সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রার্থীকে শর্তসাপেক্ষে মনোনীত করা হবে।

iii. যদি একই ডিস্ট্রিক্ট(গুলো) থেকে একাধিক প্রার্থী অপসারণের পর সাতজন শর্তসাপেক্ষে নির্বাচিত প্রার্থীর মধ্যে কোনও দুইজন ডিস্ট্রিক্ট 75 প্যারেন্ট থাকেন, তাহলে পরবর্তী সর্বোচ্চ ভোটপ্রাপ্ত যে দুইজন প্রার্থী যারা ইতোমধ্যে শর্তসাপেক্ষে মনোনীত সাতজন প্রার্থীর সাথে অন্য কোনও ডিস্ট্রিক্ট শেয়ার করেন না, তাদেরকে শর্তসাপেক্ষে CCSE-এর অবশিষ্ট দুইটি পদের জন্য মনোনীত করা হবে।

iv. যদি একই ডিস্ট্রিক্ট(গুলো) থেকে প্রার্থীদের অপসারণের পর ডিস্ট্রিক্ট 75-এর দুইজন প্রার্থী সাতজন শর্তাধীনে মনোনীতদের মধ্যে না থাকে, তাহলে যথাক্রমে সর্বোচ্চ ভোটপ্রাপ্ত দুইজন পর্যন্ত ডিস্ট্রিক্ট 75 পিতামাতাকে শর্তসাপেক্ষে মনোনীত করা হবে।

4. পুনঃনির্বাচন

a. পুনঃনির্বাচন আয়োজন করতে হবে, যখন:

i. প্রার্থীগণ সমান ভোট পেয়ে থাকেন;
ii. দুইজনের কম ডিস্ট্রিক্ট 75 প্যারেন্ট যদি কোনও ভোট পায়; অথবা
iii. সকল প্রার্থী যারা একই ডিস্ট্রিক্ট শেয়ার করেন না তারা প্রাথমিকভাবে CCSE আসন পূরণ করার পর এক বা একাধিক আসন খালি থাকে।

b. প্রার্থীগণ সমান সমান ভোট পাবার ক্ষেত্রে, শুধুমাত্র ঐসব প্রার্থী যারা সমান ভোট পেয়েছেন তাদের মধ্যে পুনরায় নির্বাচন হবে।

c. দুজনের কম ডিস্ট্রিক্ট 75 পিতামাতা ভোট পাবার কারণে যদি পুনরায় নির্বাচন অনুষ্ঠিত হয়, সেক্ষেত্রে ডিস্ট্রিক্ট 75 প্যারেন্ট আসনের জন্য শুধু যারা ডিস্ট্রিক্ট 75 পিতামাতা তারা পুনরায় অনুষ্ঠিত নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন।

d. CCSE-এতে ইতোমধ্যে প্রতিনিধিত্ব আছে এমন ডিস্ট্রিক্টের শিক্ষার্থীদের পিতামাতা প্রার্থীদের অপসারণের পর এক বা একাধিক পদ অপূর্ণ থাকার কারণে পুনঃনির্বাচনের ক্ষেত্রে, শুধু ঐসব প্রার্থী যাদের শর্তসাপেক্ষে মনোনীত করা হয়নি এবং যাদের সন্তানগণ ঐ ডিস্ট্রিক্টের স্কুলে যায় না যেখানে আসনপ্রাপ্ত প্রার্থীদের প্রতিনিধিত্ব আছে তারা পুনরায় অনুষ্ঠিত নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবে। যদি পুনঃনির্বাচন সকল আসন পূরণ করতে ব্যর্থ হয়, তাহলে CCSE-এর একই ডিস্ট্রিক্ট (ডিস্ট্রিক্ট 75 ছাড়া) থেকে একাধিক প্রতিনিধিত্ব লাভে যে নিষেধাজ্ঞা রয়েছে, সেটা প্রয়োগ করা হবে না।

e. পুনঃনির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে টাই হলে DOE-এর পক্ষে নির্বাচন পরিচালনাকারী নিরপেক্ষ সংস্থা লটারির মাধ্যমে বিজয়ী নির্ধারণ করবে।

f. উপরে দেওয়া পুনঃনির্বাচন প্রক্রিয়াতে সকল আসন যদি পূরণ না হয়, অথবা CCSE-তে ডিস্ট্রিক্ট 75-এর দুইজন প্রতিনিধি না থাকে, তাহলে কাউন্সিলে একটি আসন শূন্য বলে গণ্য করতে হবে, যা এই প্রবিধানের অনুচ্ছেদ I.I.-এর প্রক্রিয়া অনুযায়ী পূরণ করতে হবে।

F. নির্বাচন-উত্তর যোগ্যতা/উপযুক্ততার পর্যালোচনা

1. প্রার্থীদের শর্তসাপেক্ষে নির্বাচিত হওয়ার পরে, কিন্তু দায়িত্বভার গ্রহণের আগে FACE-কে নির্ধারণ করতে হবে যে তারা CCSE-তে পরিষেবাদানের যোগ্য কি-না। প্রার্থী যোগ্য কিনা সেটি FACE নির্ধারণ করে, FACE একটি লিখিত সিদ্ধান্ত ইস্যু করবে যার মধ্যে থাকবে তার এই ইস্যুকৃত বিষয়ের বাস্তব এবং আইনী ভিত্তি। FACE কর্তৃক কোনও প্রার্থী অযোগ্য বিবেচিত হলে তাকে পরবর্তী সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রার্থী দিয়ে স্থলাভিষিক্ত করা হবে এবং যিনি এমন ডিস্ট্রিক্টের হবেন যার CCSE-এ কোনও প্রতিনিধিত্ব নেই।
2. যদি কোনো মনোনীত প্রার্থী নির্বাচন বছরের 30 জুন তারিখে বা তার আগে অনুপযুক্ত বা অযোগ্য বিবেচিত হন, তাহলে প্রাথমিক নির্বাচন প্রক্রিয়ায় যে প্রার্থী পরবর্তী সর্বোচ্চ ভোট পেয়েছেন যিনি এমন ডিস্ট্রিক্ট থেকে আসেননি যার ইতোমধ্যে CCSE-তে প্রতিনিধিত্ব আছে, তাকে শর্তাধীনে নির্বাচিত বিবেচনা করতে হবে।
3. ডিস্ট্রিক্ট 75-এর সংরক্ষিত আসন পূরণকারী মনোনীত পদের ক্ষেত্রে প্রার্থী যদি ডিস্ট্রিক্ট 75 পিতামাতা হন যিনি প্রাথমিক নির্বাচন প্রক্রিয়ায় পরবর্তী সর্বোচ্চ সংখ্যক ভোট লাভকারী, তাহলে তাকে শর্তাধীনে নির্বাচিত বলে বিবেচনা করা হবে।
4. যদি এই সেকশনে উল্লিখিত বিধি অনুযায়ী নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে টাই হয়, তাহলে DOE-এর পক্ষে নির্বাচন পরিচালনাকারী নিরপেক্ষ সংস্থা লটারির মাধ্যমে বিজয়ী নির্বাচন করবে।
5. যদি যোগ্য কোনও প্রার্থী নির্বাচনের জন্য পাওয়া না যায়, তাহলে কাউন্সিলের একটি পদ শূন্য বলে ধরা হবে যা এই প্রবিধানের সেকশন I.I-এ প্রতিষ্ঠিত নিয়ম অনুযায়ী পূরণ করা হবে।

G. সময়

1. প্রতি দুই বছর পর পর, বিজোড় বছরে CCSE সদস্যদের নির্বাচনগুলি অনুষ্ঠিত হবে। কোনো পুনঃনির্বাচন থাকলে সেগুলো ব্যতীত, ভোটদান শেষ হতে হবে মে মাসের দ্বিতীয় মঙ্গলবার।
2. নির্বাচন অনুষ্ঠানের বছরের জানুয়ারিতে নির্বাচন প্রক্রিয়া শুরু হবে, যখন FACE কর্তৃক CCSE-এর ভূমিকা, তার কাজ-কর্ম, এবং কর্মকাণ্ড সম্পর্কিত সাধারণ তথ্য, প্রার্থী তথ্যের পাশাপাশি আবেদন এবং ভোটদান প্রক্রিয়ার প্রকৃতি সম্পর্কিত তথ্য বিতরণ করা হবে।
3. নির্বাচনের পর CCSE সদস্যদের মেয়াদ শুরু হবে 1 জুলাই থেকে এবং শেষ হবে পরবর্তী দুই বছর শেষে 30 জুন তারিখে। সকল CCSE সদস্যকে মেয়াদ শুরু হবার আগে অবশ্যই FACE

কর্তৃক আয়োজিত পরিচিতি অধিবেশনে যোগ দিতে হবে, এবং কমপক্ষে তাদের মেয়াদের দ্বিতীয় বছরে একটি বাড়তি ট্রেনিং নিতে হবে।

H. পদত্যাগ

1. পিতামাতা সদস্যবৃন্দ

পিতামাতা সদস্যের ইস্তফা লিখিতভাবে FACE-এর কাছে ইমেইলে ccecinfo@schools.nyc.gov ঠিকানায় পাঠাতে হবে। পদত্যাগপত্র FACE-এর হস্তগত হওয়ার পর অবিলম্বে কার্যকর হবে, যদি না তাতে ভবিষ্যতের কোনো তারিখ উল্লিখিত থাকে। FACE-এর সম্মতি ব্যতীত পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

2. পাবলিক এডভোকেটের নিযুক্তি

পাবলিক অ্যাডভোকেট কর্তৃক নিযুক্তদের পদত্যাগ লিখিতভাবে পাবলিক অ্যাডভোকেটের কাছে এবং একটি কপি ccecinfo@schools.nyc.gov ঠিকানায় FACE-এ পাঠাতে হবে। পদত্যাগপত্র পাবলিক অ্যাডভোকেট-এর হস্তগত হওয়ার পর অবিলম্বে কার্যকর হবে, যদি না তাতে ভবিষ্যতের কোনো তারিখ উল্লিখিত থাকে। পাবলিক এডভোকেটের অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

3. শিক্ষার্থী সদস্য

শিক্ষার্থী সদস্যদের পদত্যাগ লিখিতভাবে OSE-এর কাছে এবং একটি কপি ccecinfo@schools.nyc.gov ঠিকানায় FACE-এ পাঠাতে হবে। এ ধরনের পদত্যাগপত্র OSE-এর হস্তগত হওয়ার পর অবিলম্বে কার্যকর হবে, যদি না তাতে ভবিষ্যতের কোনো তারিখ উল্লিখিত থাকে। OSE-এর অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

I. পদখালি

1. পিতামাতা সদস্য ও পাবলিক এডভোকেট নিযুক্ত সদস্যের পদশূন্যতা

   a. CCSE সদস্যদের মধ্যে যারা তাদের পদের মেয়াদে যথাযথভাবে অবহিতকরণের পরেও লিখিতভাবে বৈধ কারণ না দেখিয়ে সূচিভুক্ত CCSE-এর প্রতিমাসের নিয়মিত মিটিংগুলির তিনটিতে উপস্থিত থাকতে অস্বীকৃতি অথবা অবহেলা করেন, তাদেরকে ধরে নেয়া হবে তারা পদত্যাগ করেছেন।

      i. প্রতিটি অনুপস্থিতি এবং লিখিত ব্যাখ্যা ঐ মিটিংয়ের দাপ্তরিক কার্যবিবরণীতে লিপিবদ্ধ করা হবে।

      ii. নিম্নলিখিত বিষয়গুলি অনুপস্থিতির জন্য বৈধ কারণ হিসেবে গণ্য হয়ে থাকে: কোনও আত্মীয়ের মৃত্যু বা আত্মীয়ের অন্ত্যেষ্টিক্রিয়ায় অংশগ্রহণ; CCSE সদস্য বা পরিবারের

কারো মারাত্মক অসুখ বা আহত হওয়া; জুরি ডিউটিসহ বাধ্যতামূলক কোর্ট হাজিরা; মিলিটারি ডিউটি; চাকুরির সাথে সম্পর্কিত দ্বন্দ্ব যার কারণে CCSE সভায় অনুপস্থিতি থেকে রেহাই পাওয়া যায়নি; এবং অন্যান্য কারণ যা CCSE উপযুক্ত মনে করে। অন্য এই রকম কারণ বৈধ ধরা হতে পারে যদি সেগুলি লিখিতভাবে অনুপস্থিতির 15 দিনের মধ্যে CCSE-তে পাঠানো হয় এবং পরবর্তী নিয়মিত সূচিভুক্ত মাসিক মিটিংয়ের সময় CCSE-এর ভোটে অনুমোদিত হয় যেখানে মিটিংয়ের কোরাম উপস্থিত।

iii. তৃতীয় অননুমোদিত অনুপস্থিতির পর CCSE আসনটিকে প্রস্তাব গ্রহণের মাধ্যমে শূন্য ঘোষণা করবে এবং FACE-কে এই পদক্ষেপের কথা জানিয়ে দেবে। পাবলিক অ্যাডভোকেট নিযুক্ত ব্যক্তির আসন শূন্য ঘোষিত হবার ক্ষেত্রে, CCSE পাবলিক অ্যাডভোকেটকেও অবহিত করবে।

b. যখন কোনও পিতামাতার পদ শূন্য হয়, তখন CCSE-কে মেয়াদের অবশিষ্ট সময়ের কোনো একটি উন্মুক্ত সভা থেকে সে পদ পূরণ করতে হবে।

i. CCSE শূন্য পদটি সম্পর্কে ব্যাপকভাবে প্রচার করবে, আবেদন প্রক্রিয়ার বিবরণ দেবে এবং আবেদনপত্র জমাদানের একটি সময়সীমা উল্লেখ করবে।

ii. সকল প্রার্থীকে অবশ্যই একটি করে CCSE ভ্যাকেন্সি অ্যাপ্লিকেশন (পদশূন্যতা আবেদনপত্র) FACE থেকে সংগ্রহ করতে ও পূরণকৃত ফর্মটি FACE-এ জমা দিতে হবে। FACE আসন পূরণের যোগ্যতা পর্যালোচনা করবে, এবং যোগ্য প্রার্থীদের আবেদনপত্রের অংশসমূহ CCSE-তে পাঠাবে।

iii. যদি শূন্য আসনটি কোনও ডিস্ট্রিক্ট 75 প্যারেন্ট পদ হয়, এবং বাকি আসনগুলির মধ্যে দুইজন ডিস্ট্রিক্ট 75 পিতামাতা কম থাকে, তাহলে সেক্ষেত্রে শুধু যোগ্য প্রার্থী হবেন ডিস্ট্রিক্ট পিতামাতা 75 প্রার্থীগণ।

iv. IEP-যুক্ত শিক্ষার্থী পিতামাতাগণকে লিখিত সুপারিশের সুযোগ প্রদান করে এবং শূন্য পদ পূরণের আগে CCSE-এর সাথে আলোচনা করার সুযোগ দান করে।

c. টাই ভোট ঘোষণার 60 দিনের মধ্যে যদি CCSE কর্তৃক পিতামাতার শূন্য আসন পূরণ করা না হয়, তাহলে টাই ব্রেক করার জন্য চ্যান্সেলর ভোট দেবেন। যদি অন্য কারণে CCSE 60 দিনের মধ্যে আসন পূরণ করতে ব্যর্থ হয়, তাহলে চ্যান্সেলর CCSE-কে সে শূন্য আসন পূরণের আদেশ দেবেন।

d. পাবলিক অ্যাডভোকেট কর্তৃক নিযুক্ত কোনও পদ যখন শূন্য হয়, পাবলিক অ্যাডভোকেট মেয়াদের অবশিষ্ট সময়ে পরিষেবাদানের জন্য একজন সদস্য মনোনয়ন করবেন। আগ্রহী প্রার্থীদেরকে অবশ্যই একটি করে CCSE পাবলিক অ্যাভোকেট অ্যাপয়েন্টি অ্যাপ্লিকেশন (আবেদনপত্র) FACE থেকে সংগ্রহ করতে ও পূরণকৃত ফর্মটি FACE-এ জমা দিতে হবে।

FACE আসন পূরণের যোগ্যতা পর্যালোচনা করার পর যোগ্য আবেদনগুলি পাবলিক অ্যাডভোকেটের কাছে পাঠাবেন। মনোনয়নের সকল সিদ্ধান্ত পাবলিক অ্যাডভোকেটের বিবেচনা অনুযায়ী হবে।

2. শিক্ষার্থী সদস্যের পদশূন্যতা

শিক্ষার্থী পদশূন্যতার ক্ষেত্রে OSE মেয়াদের অবশিষ্ট সময় কাজ করার জন্য একজন IEP-যুক্ত যোগ্য সিনিয়র শিক্ষার্থীকে মনোনয়ন দেবে। প্রতিবন্ধিতাযুক্ত ও ইংরেজি ভাষা শিক্ষার্থীদের চিফ অ্যাচিভমেন্ট অফিসার FACE ও CCSE-কে এই নিযুক্তির কথা অবহিত করবেন।

## II. ডিস্ট্রিক্ট 75 কাউন্সিল

সিটিওয়াইড ডিস্ট্রিক্ট 75 স্কুলসমূহ এবং প্রোগ্রামের শিক্ষার্থীদের পিতামাতার প্রতিনিধিত্বের জন্য একটি সিটিওয়াইড ডিস্ট্রিক্ট 75 কাউন্সিল ("D75 কাউন্সিল") প্রতিষ্ঠা করা হবে।

A. দায়িত্ব ও কর্তব্য

1. ডিস্ট্রিক্ট 75 কাউন্সিল নিম্নলিখিত ক্ষমতা ও দায়িত্ব পালন করবে:

   a. ডিস্ট্রিক্ট 75 পরিষেবার সাথে সংশ্লিষ্ট শিক্ষা ও শিক্ষানির্দেশনা বিষয়ে পরামর্শ ও মন্তব্য প্রদান;

   b. ডিস্ট্রিক্ট 75 শিক্ষার্থীদের পরিষেবা প্রদানে DOE-এর কার্যকারিতা সম্পর্কে একটি বার্ষিক প্রতিবেদন তৈরি করা, যথাযথ হলে, কীভাবে দক্ষতা বাড়ান যায় ও অধিক পরিষেবা প্রদান করা যায়, সেসব বিষয়ে সুপারিশ প্রদান করা; এবং

   c. প্রতিমাসে জনসাধারণের জন্য কমপক্ষে একটি উন্মুক্ত সভা আয়োজন করা যেখানে জনসাধারণ ডিস্ট্রিক্ট 75-এর শিক্ষার্থীরা যেসব সমস্যায় ভুগছে, সেগুলো আলোচনা করতে পারবে।

2. নিম্নলিখিত দায়িত্ব পালনের জন্য একজন সেক্রেটারি নিয়োগ দেওয়ার, তাকে তত্ত্বাবধান ও মূল্যায়ন করার অধিকার D75 কাউন্সিল সংরক্ষণ করে:

   a. সভার বিজ্ঞপ্তি, আলোচ্যসূচি ও কার্যবিবরণী প্রস্তুত করা;

   b. কর্মপন্থা ও D75 কাউন্সিলের অন্যান্য সভার নথি তৈরি ও ধারণ করা; এবং

   c. সভার জন্য অবহিতকরণমূলক বিষয়াদি ও তথ্যমূলক উপকরণ তৈরি করা।

B. <u>গঠন</u>

D75 কাউন্সিল 11 জন ভোটাধিকারী সদস্য এবং একজন ভোটাধিকারহীন শিক্ষার্থী সদস্য সমবায়ে গঠিত হয়। এই প্রবিধানে প্রতিষ্ঠিত নিয়ম অনুযায়ী  D75 কাউন্সিলের জন্য নয়জন ভোটাধিকারী সদস্যকে অবশ্যই ডিস্ট্রিক্ট 75-এর পরিষেবাপ্রাপ্ত শিক্ষার্থীর পিতামাতাদের মধ্য থেকে বাছাইকৃত হতে হবে এবং অবশিষ্ট দুই ভোটাধিকারী সদস্যকে নিযুক্তি দিবেন নিউ ইয়র্ক সিটি পাবলিক এডভোকেট। শিক্ষার্থী সদস্য নিযুক্ত হন ডিস্ট্রিক্ট 75 সুপারিনটেন্ডেন্ট দ্বারা।

C. যোগ্যতা

1. পিতামাতা সদস্যবৃন্দ

   a. ডিস্ট্রিক্ট 75 স্কুল অথবা প্রোগ্রামে সিটিওয়াইড স্পেশাল এডুকেশন পরিষেবা লাভকারী শিক্ষার্থীদের পিতামাতাগণ D75 কাউন্সিলের কোনও আসনে প্রতিদ্বন্দ্বিতা করার যোগ্য।

   b. পিতামাতা বলতে পিতা কিংবা মাতা (জন্মগত বা পালক, সৎ-পিতা বা ফস্টার (তত্ত্বাবধানকারী) পিতামাতা), আইনগত অভিভাবক, বা যার সাথে সন্তানের পিতামাতাসূলভ সম্পর্ক আছে, এমন কোনও ব্যক্তিকে বুঝায়। শিক্ষার্থীর সাথে পিতামাতার সম্পর্কে আবদ্ধ ব্যক্তি তিনি, যিনি পিতামাতা বা আইনগত অভিভাবকের স্থলে নিয়মিতভাবে সন্তানের সেবা ও তত্ত্বাবধানের জন্য সরাসরি দায়বদ্ধ থাকেন।

   c. D75 কাউন্সিল-এর কোনও পদে প্রার্থী হওয়ার জন্য পিতামাতার আবেদনের তারিখ বিবেচনা করে যোগ্যতা নিশ্চিত করা হয়।

   d. আবেদন করার সময় কাজ করার যোগ্য হওয়া সত্ত্বেও পদে আসীন থাকাকালে সন্তানের ডিস্ট্রিক্ট 75 স্কুল অথবা কর্মসূচিতে যাওয়া বন্ধ হয়ে গেলে পিতামাতাগণ ডিস্ট্রিক্ট 75 কর্মসূচির শিক্ষার্থীর পিতামাতা হিসেবে কাজ করার যোগ্যতা হারাবেন।

   e. পিতামাতা সদস্য দুই বছর মেয়াদের জন্য নির্বাচিত হন এবং কতবার নির্বাচিত হতে পারবেন, সেটি সীমিত নয়।

2. পাবলিক এডভোকেটের নিযুক্তি

   a. পাবলিক অ্যাডভোকেট কর্তৃক নিযুক্ত দুজন সদস্যকে প্রতিবন্ধিতা আছে এমন শিক্ষার্থীদের শিক্ষকতা, প্রশিক্ষণ কিংবা নিযুক্তি প্রদানের ব্যাপক অভিজ্ঞতা ও জ্ঞানসম্পন্ন হতে হবে যারা DOE স্কুলসমূহে স্পেশাল এডুকেশনের উন্নতিতে উল্লেখযোগ্য অবদান রাখতে সক্ষম হবেন। এ ধরনের সদস্য দুই বছর মেয়াদের জন্য নির্বাচিত হন এবং কতবার নির্বাচিত হতে পারবেন, সেটি সীমিত নয়।

   b. পাবলিক এডভোকেট কর্তৃক D75 কাউন্সিলকে-এ মনোনয়নপ্রার্থী ব্যক্তিদেরকে FACE-এর কাছ থেকে আবেদনপত্র সংগ্রহ করতে এবং পূরণকৃত ফর্মটি ccecinfo@schools.nyc.gov ঠিকানায় জমা দিতে হবে। FACE যোগ্যতা পর্যালোচনা করার পর যোগ্য আবেদনগুলি পাবলিক অ্যাডভোকেটের কাছে পাঠাবে। মনোনয়নের সকল সিদ্ধান্ত পাবলিক অ্যাডভোকেটের বিবেচনা অনুযায়ী হবে।

3. শিক্ষার্থী সদস্য (ভোটাধিকারহীন)

   a. ডিস্ট্রিক্ট 75 হাই স্কুলের শিক্ষার্থী যারা তাদের কাজের সময় সিনিয়র বর্ষের শিক্ষার্থী হবে, তারা ডিস্ট্রিক্ট 75 সুপারিন্টেন্ডেন্ট কাজ করার যোগ্য। এই প্রবিধান সংশ্লিষ্ট উদ্দেশ্যে, সিনিয়র বিবেচনা করা হয় এমন একজন শিক্ষার্থীকে যার 30 হাই স্কুল ক্রেডিট রয়েছে।

b. আগ্রহী শিক্ষার্থীদের অবশ্যই FACE থেকে আবেদনপত্র সংগ্রহ করতে হবে এবং পূরণকৃত আবেদন ccecinfo@schools.nyc.gov ঠিকানায় FACE-এ জমা দিতে হবে। FACE যোগ্যতা পর্যালোচনা করার পর যোগ্য আবেদনগুলি ডিস্ট্রিক্ট 75 সুপারিন্টেন্ডেন্ট-এর কাছে পাঠাবে। সকল নিযুক্তির সিদ্ধান্ত ডিস্ট্রিক্ট 75 সুপারিনটেন্ডেন্ট-এর বিবেচনা অনুযায়ী হবে।

c. এসব ভোটাধিকারহীন শিক্ষার্থী সদস্যরা এক-বছরের মেয়াদে পরিষেবা দেয় যার শুরু জুলাই মাসের 1 তারিখ ও সমাপ্তি পরবর্তী বছরের 30 জুন।

4. যেসব ব্যক্তি পরিষেবাদানের যোগ্য নন
   a. নিচে উল্লিখিত ব্যক্তিগণ যোগ্য নন:

      i. নির্বাচিত জনপ্রতিনিধি কিংবা পার্টির পক্ষ থেকে নির্বাচিত বা মনোনীত পদাধিকারী ব্যক্তি (ন্যাশনাল, স্টেট বা অন্য কোনও পার্টির কনভেনশনে, কিংবা কোনও কাউন্টি কমিটিতে প্রতিনিধি বা বিকল্প প্রতিনিধি ছাড়া);
      ii. বর্তমান DOE কর্মচারীগণ;
      iii. যেসব ব্যক্তি অন্য কোনও সিটিওয়াইড কাউন্সিলে বা যেকোনো CEC-তে আছেন।
      iv. প্যানেল ফর এডুকেশন পলিসি-এর সদস্যগণ;
      v. PA/PTA, স্কুল লিডারশিপ টিম, ডিস্ট্রিক্ট ডিস্ট্রিক্ট প্রেসিডেন্টস কাউন্সিল, বরো হাই স্কুল কাউন্সিল, কিংবা টাইটেল ওয়ান কমিটি থেকে যেসব ব্যক্তিকে তাদের কাজের সাথে সরাসরি সম্পর্কিত কোনও অপকর্মের জন্য অপসারণ করা হয়েছে কিংবা এসব অ্যাসোসিয়েশন, টিম, কাউন্সিল বা কমিটি থেকে তাদের কাজের সাথে সরাসরি সম্পর্কিত কোনও অপরাধে যারা দোষী সাব্যস্ত হয়েছেন; এবং
      vi. DOE-এর এথিক্স অফিসার বা চ্যান্সেলরের অন্য মনোনীত ব্যক্তি যেসব ব্যক্তিদের সাথে স্বার্থের দ্বন্দ্ব আছে বলে নিশ্চিত করেছেন।

   b. নিচের উল্লিখিত ব্যক্তিগণ অযোগ্য বিবেচিত হতে পারেন:
      i. যেসব শিক্ষার্থী CEC বা সিটিওয়াইড কাউন্সিলে পরিষেবাদানকালে এমন অপকর্ম করেছে যা তার কাজের সাথে সরাসরি সম্পর্কযুক্ত; কিংবা
      ii. যেসব ব্যক্তি কোনো অপরাধের জন্য দণ্ডিত হয়েছেন, যদি সে ধরনের দণ্ড নিউ ইয়র্ক কারেকশন আইনের অনুচ্ছেদ 23-A অনুযায়ী হয়েছে বলে বিবেচনা করা হয়ে থাকে।

D. D75 কাউন্সিলে নির্বাচন প্রার্থীতা
   1. FACE নির্বাচন প্রক্রিয়াটি প্রকাশ করবে, এর অন্তর্ভুক্ত আবেদনপত্র জমাদান এবং ভোটিংয়ের সময়সীমা, যা শুরু হবে নির্বাচনের বছরের জানুয়ারিতে।

   2. D75 কাউন্সিলে পরিষেবাদানে আগ্রহী পিতামাতাগণ NYCSA আবেদনের মাধ্যমে অনলাইনে আবেদনপত্র জমা দেবেন। যেসব পিতামাতার কমপিউটার ব্যবহারের সুবিধা নেই তারা প্যারেন্ট কোঅর্ডিনেটরকে স্কুল বা ডিস্ট্রিক্ট অফিসের কমপিউটার ব্যবহারের ব্যবস্থা করতে অনুরোধ করতে

পারেন বা কোনও পাবলিক লাইব্রেরীর কমপিউটার ব্যবহার সম্পর্কিত তথ্য পেতে 311 নম্বরে ফোন করতে পারেন।

3. প্রার্থীরা তাদের আবেদনপত্রে প্রত্যয়ন করবেন যে তারা DOE স্কুলে অধ্যয়নরত তাদের সকল ছেলেমেয়েকে তাদের NYCSA অ্যাকাউন্ট-এর সাথে সংযুক্ত করেছেন। একজন প্রার্থী যিনি D75 কাউন্সিলকে-এ আবেদন করছেন, তাকে তাদের কোনো সন্তান যে বরোতে হাই স্কুলে যাচ্ছে, সে বরোর সবগুলো ডিস্ট্রিক্ট 75 স্কুলের প্রতিনিধি হিসেবে বিবেচনা করা হবে। প্রার্থীগণ যে ডিস্ট্রিক্ট 75 স্কুলগুলির প্রতিনিধিত্ব করছেন, তারা সেগুলোর প্রত্যেকটির স্কুল সম্পর্কিত তথ্য প্রদান করতে ব্যর্থ হলে, সেই বিষয়টি তাকে অযোগ্য বিবেচনা করার ভিত্তি বলে গণ্য করা হবে।

4. প্রার্থীগণ যোগ্য হলে যতগুলো ইচ্ছা কমিউনিটি এবং/অথবা সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলের জন্য আবেদন করতে পারেন কিন্তু, যদি নির্বাচিত হন, তাহলে তিনি শুধু একটিতে পরিষেবা দিতে পারবেন। যেসব প্রার্থী একাধিক কাউন্সিলে আবেদন করতে আগ্রহী, তাদের অবশ্যই অগ্রাধিকারের ভিত্তিতে কাউন্সিলগুলিকে ক্রমানুসারে তালিকাভুক্ত করতে হবে; যদি তিনি একাধিক কাউন্সিলে নির্বাচিত হন, তাহলে তিনি শুধু সেই কাউন্সিলে পরিষেবা দেবেন যেটিকে তিনি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছেন।

E. ক্যান্ডিডেট ফোরাম বা প্রার্থীদের সম্মেলন

1. ডিস্ট্রিক্ট 75 প্রেসিডেন্টস্ কাউন্সিল, FACE-এর সহায়তা ও আনুষঙ্গিক সমর্থন নিয়ে কমপক্ষে একটি প্রার্থী ফোরাম আয়োজন করবে যেখানে প্রার্থীদেরকে সুযোগ দেওয়া হবে পিতামাতা ও আগ্রহী অন্যান্য পক্ষগুলোর কাছে নিজেদের উপস্থাপন করার জন্য।

2. সকল প্রার্থী ফোরাম অনুষ্ঠিত হতে হবে প্রার্থীতার আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ অতিক্রান্ত হওয়ার পর, কিন্তু ভোটদান-পর্ব শুরুর আগে, যার সমাপ্তি হতে হবে নির্বাচনী বছরের মে মাসের দ্বিতীয় মঙ্গলবার।

3. প্রার্থী ফোরামসমূহ কোনও একটি নির্দিষ্ট স্থানে উপস্থিতির মাধ্যমে অথবা ভার্চ্যুয়াল মিটিং প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হতে পারে। ডিস্ট্রিক্ট 75 প্রেসিডেন্টস্ কাউন্সিল, FACE-এর সাথে মিলিতভাবে সকল প্রার্থী ফোরাম বা প্রার্থীদের সম্মেলনের তারিখ, সময় এবং ফর্ম্যাট নির্ধারণ করবে। সশরীরে অংশগ্রহণযোগ্য ফোরামের ক্ষেত্রে FACE একটি প্রবেশযোগ্য, ADA মেনে চলা স্থানের ব্যবস্থা করবে এবং DOE-এর স্থান ব্যবহারের জন্য সকল প্রয়োজনীয় অনুমতি নেবে ও ব্যয়ভার বহন করবে। ভার্চ্যুয়াল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত ফোরামসমূহের ক্ষেত্রে, FACE প্ল্যাটফর্মের খরচ বহন এবং মিটিংয়ের সময় টেকনিক্যাল সহায়তা প্রদান করবে।

4. প্রতিটি প্রার্থী ফোরামের আগে, FACE প্রত্যেক প্রার্থীর আবেদনের কিছু অংশ লভ্য রাখবে যেখানে প্রার্থীর নাম, তার সন্তানের(দের) স্কুল(সমূহ) এবং প্রোগ্রাম, এবং ব্যক্তিগত বিবৃতির ("প্রার্থীর পরিচিতির পার্শ্বচিত্র") উল্লেখ থাকবে। পিতামাতা এবং জনসাধারণের দেখার জন্য DOE ওয়েবসাইটে প্রার্থী পরিচিতির পার্শ্বচিত্র পোস্ট করা হবে। সশরীরে উপস্থিতির মাধ্যমে আয়োজিত ফোরামের ক্ষেত্রে FACE বিতরণের জন্য অনুলিপির ব্যবস্থা করবে।

F. নির্বাচন প্রক্রিয়া

1. যোগ্য ভোটারগণ
    a. ডিস্ট্রিক্ট 75 স্কুল অথবা প্রোগ্রামে সিটিওয়াইড স্পেশাল এডুকেশন পরিষেবা লাভকারী শিক্ষার্থীদের পিতামাতাগণ D75 কাউন্সিলের কোনও আসনে প্রতিদ্বন্দ্বিতা করার যোগ্য।

    b. প্রত্যেক যোগ্য শিক্ষার্থী তিনটি ভোট দিতে পারবে।

2. ভোটদান
    a. NYCSA আবেদনের মাধ্যমে পিতামাতাদের ভোটদানের উৎসাহ প্রদান করা হয়।

    b. যেসব পিতামাতার কমপিউটার ব্যবহারের সুবিধা নেই তারা প্যারেন্ট কোঅর্ডিনেটরকে স্কুল বা ডিস্ট্রিক্ট অফিসের কমপিউটার ব্যবহারের ব্যবস্থা করতে অনুরোধ করতে পারেন বা কোনও পাবলিক লাইব্রেরীর কমপিউটার ব্যবহার সম্পর্কিত তথ্য পেতে 311 নম্বরে ফোন করতে পারেন।

    c. সুপারিনটেন্ডেন্টদের অফিসগুলিতে কাগজের ব্যালটও পাওয়া যাবে। যদি কোনো সুপারিনটেন্ডেন্টের অফিস একটি NYCSA অ্যাকাউন্ট তৈরি করে এবং কোনো পিতামাতার পক্ষে ভোটদান করে, তাহলে সে সুপারিনটেন্ডেন্টের অফিসকে অবশ্যই পিতামাতাদের পূরণ করা কাগজের ব্যালটের(সমূহের) রেকর্ড এবং ঐ NYCSA অ্যাকাউন্ট তৈরির জন্য এবং পিতামাতার পক্ষে পিতামাতার ভোটদানের অনুমোদনের রেকর্ড সংরক্ষণ করতে হবে, এবং প্রত্যয়ন করতে হবে যে, সুপারিনটেন্ডেন্ট অফিস সেই পিতামাতার পক্ষে ভোট দান করেছে।

3. পদাধিকারী প্রার্থী
    a. যেকোনো যোগ্য প্রার্থী কর্তৃক পূরণের জন্য D75 কাউন্সিলকে-এ নয়টি আসন রয়েছে। তদুপরি, সবগুলো পদ পূরণ আবশ্যিক না হলে কোনো স্কুল থেকে একজনের বেশি প্রতিনিধি D75 কাউন্সিলে পাঠাতে পারবে না।

    b. যখন ব্যালট গণনা করা হবে: সর্বোচ্চ ভোট লাভকারী নয়টি জন প্রার্থীকে শর্তসাপেক্ষে আসন পূরণের জন্য মনোনীত বলে বিবেচিত হবেন। তবে যদি এই নয়টি প্রার্থীর মধ্যে কোনো একটি স্কুল থেকে একাধিক প্রার্থী এসে থাকেন, তাহলে সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রার্থীকে মনোনীত বিবেচনা করা হবে, একই স্কুল থেকে আসা স্বল্পতর ভোটপ্রাপ্তদেরকে অপসারণ করা হবে, এবং পরবর্তীতে D75 কাউন্সিলকে-তে কোনো প্রতিনিধিত্ব নেই, তেমন স্কুলে সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রার্থীকে শর্তসাপেক্ষে মনোনীত করা হবে।

4. পুনঃনির্বাচন

a. পুনঃনির্বাচন আয়োজন করতে হবে, যখন:
   i. প্রার্থীগণ সমান ভোট পেয়ে থাকেন; অথবা
   ii. D75 কাউন্সিলে প্রাথমিকভাবে আসীন সকল প্রার্থী যারা একই স্কুল থেকে আসেননি তাদের পরে এক বা একাধিক আসন খালি থাকলে।

b. প্রার্থীগণ সমান সমান ভোট পাবার ক্ষেত্রে, শুধুমাত্র ঐসব প্রার্থী যারা সমান ভোট পেয়েছেন তাদের মধ্যে পুনরায় নির্বাচন হবে।

c. D75 কাউন্সিলে ইতোমধ্যে প্রতিনিধিত্ব আছে এমন ডিস্ট্রিক্টের শিক্ষার্থীদের পিতামাতা প্রার্থীদের অপসারণের পর এক বা একাধিক পদ অপূর্ণ থাকার কারণে পুনঃনির্বাচনের ক্ষেত্রে, শুধু ঐসব প্রার্থী যাদের শর্তসাপেক্ষে মনোনীত করা হয়নি এবং যাদের সন্তানগণ ঐ ডিস্ট্রিক্টের স্কুলে যায় না যেখানে আসনপ্রাপ্ত প্রার্থীদের প্রতিনিধিত্ব আছে তারা পুনরায় অনুষ্ঠিত নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবে। যদি পুনঃনির্বাচন আসন পূরণ করতে ব্যর্থ হয়, তাহলে D75 কাউন্সিলে একই স্কুল থেকে একাধিক প্রতিনিধিত্ব লাভে যে নিষেধাজ্ঞা রয়েছে, সেটা প্রয়োগ করা হবে না।

d. পুনঃনির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে টাই হলে DOE-এর পক্ষে নির্বাচন পরিচালনাকারী নিরপেক্ষ সংস্থা লটারির মাধ্যমে বিজয়ী নির্ধারণ করবে।

e. তবে, উপরে দেওয়া পুনঃনির্বাচন প্রক্রিয়াতে সকল আসন পূরণ না হয়, তাহলে কাউন্সিলে একটি আসন শূন্য বলে গণ্য করতে হবে, যা এই প্রবিধানের অনুচ্ছেদ II.J-এর প্রক্রিয়া অনুযায়ী পূরণ করতে হবে।

G. নির্বাচন-উত্তর যোগ্যতা/উপযুক্ততার পর্যালোচনা

1. প্রার্থীদের শর্তসাপেক্ষে নির্বাচিত হওয়ার পরে, কিন্তু দায়িত্বভার গ্রহণের আগে FACE-কে নির্ধারণ করতে হবে যে তারা D75 কাউন্সিলে পরিষেবাদানের যোগ্য কি-না। প্রার্থী যোগ্য কিনা সেটি FACE নির্ধারণ করে, FACE একটি লিখিত সিদ্ধান্ত ইস্যু করবে যার মধ্যে থাকবে তার এই ইস্যুকৃত বিষয়ের বাস্তব এবং আইনী ভিত্তি। FACE কর্তৃক কোনও প্রার্থী অযোগ্য বিবেচিত হলে তাকে পরবর্তী সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রার্থী দিয়ে স্থলাভিষিক্ত করা হবে এবং যাকে এমন স্কুলের হতে হবে, যেটির কোনও প্রতিনিধিত্ব D75 কাউন্সিলে নেই।

2. যদি কোনো মনোনীত প্রার্থী নির্বাচন বছরের 30 জুন তারিখে বা তার আগে অনুপযুক্ত বা অযোগ্য বিবেচিত হন, তাহলে প্রাথমিক নির্বাচন প্রক্রিয়ায় যে প্রার্থী পরবর্তী সর্বোচ্চ ভোট পেয়েছেন যিনি এমন স্কুল থেকে আসেননি যার ইতোমধ্যে D75 কাউন্সিলে প্রতিনিধিত্ব আছে, তাকে শর্তাধীনে নির্বাচিত বিবেচনা করতে হবে।

3. যদি এই সেকশনে উল্লিখিত বিধি অনুযায়ী নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে টাই হয়, তাহলে DOE-এর পক্ষে নির্বাচন পরিচালনাকারী নিরপেক্ষ সংস্থা লটারির মাধ্যমে বিজয়ী নির্বাচন করবে।

4. যদি যোগ্য কোনও প্রার্থী নির্বাচনের জন্য পাওয়া না যায়, তাহলে কাউন্সিলের একটি পদ শূন্য বলে ধরা হবে যা এই প্রবিধানের সেকশন II.J-এ প্রতিষ্ঠিত নিয়ম অনুযায়ী পূরণ করা হবে।

H. সময়

1. প্রতি দুই বছর পর পর, বিজোড় বছরে D75 কাউন্সিল সদস্যদের নির্বাচনগুলি অনুষ্ঠিত হবে। কোনো পুনঃনির্বাচন থাকলে সেগুলো ব্যতীত, ভোটদান শেষ হতে হবে মে মাসের দ্বিতীয় মঙ্গলবার।

2. নির্বাচন অনুষ্ঠানের বছরের জানুয়ারিতে নির্বাচন প্রক্রিয়া শুরু হবে, যখন FACE কর্তৃক D75 কাউন্সিলের ভূমিকা, তার কাজ-কর্ম, এবং কর্মকাণ্ড সম্পর্কিত সাধারণ তথ্য, প্রার্থী তথ্যের পাশাপাশি আবেদন এবং ভোটদান প্রক্রিয়ার প্রকৃতি সম্পর্কিত তথ্য বিতরণ করা হবে।

3. নির্বাচনের পর D75 সদস্যদের মেয়াদ শুরু হবে 1 জুলাই থেকে এবং শেষ হবে পরবর্তী দুই বছর শেষে 30 জুন তারিখে। সকল D75 কাউন্সিলকে সদস্যকে মেয়াদ শুরু হবার আগে অবশ্যই FACE কর্তৃক আয়োজিত পরিচিতি অধিবেশনে যোগ দিতে হবে, এবং কমপক্ষে তাদের মেয়াদের দ্বিতীয় বছরে একটি বাড়তি ট্রেনিং নিতে হবে।

I. পদত্যাগ

1. পিতামাতা সদস্যবৃন্দ

পিতামাতা সদস্যের ইস্তফা লিখিতভাবে FACE-এর কাছে ইমেইলে ccecinfo@schools.nyc.gov ঠিকানায় পাঠাতে হবে। পদত্যাগপত্র FACE-এর হস্তগত হওয়ার পর অবিলম্বে কার্যকর হবে, যদি না তাতে ভবিষ্যতের কোনো তারিখ উল্লিখিত থাকে। FACE-এর সম্মতি ব্যতীত পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

2. পাবলিক এডভোকেটের নিযুক্তি

পাবলিক অ্যাডভোকেট কর্তৃক নিযুক্তদের পদত্যাগ লিখিতভাবে পাবলিক অ্যাডভোকেটের কাছে এবং একটি কপি ccecinfo@schools.nyc.gov ঠিকানায় FACE-এ পাঠাতে হবে। পদত্যাগপত্র পাবলিক অ্যাডভোকেটের হস্তগত হওয়ার পর অবিলম্বে কার্যকর হবে, যদি না তাতে ভবিষ্যতের কোনো তারিখ উল্লিখিত থাকে। পাবলিক এডভোকেটের অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

3. শিক্ষার্থী সদস্য

কমিউনিটি সুপারিনটেন্ডেন্টকে উদ্দেশ্য করে, FACE-এর কাছে একটি অনুলিপি ccecinfo@schools.nyc.gov ঠিকানায় দিয়ে শিক্ষার্থী সদস্যের পদত্যাগপত্র অবশ্যই লিখিতভাবে পাঠাতে হবে। পদত্যাগপত্র ডিস্ট্রিক্ট 75 সুপারিনটেন্ডেন্ট-এর হস্তগত হওয়ার পর অবিলম্বে কার্যকর হবে, যদি না তাতে ভবিষ্যতের কোনো তারিখ উল্লিখিত থাকে। ডিস্ট্রিক্ট 75

সুপারিন্টেন্ডেন্ট-এর অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

J. পদখালি

1. পিতামাতা সদস্য ও পাবলিক এডভোকেট-এর নিযুক্ত সদস্যের পদশূন্যতা

a. D75 কাউন্সিল সদস্যদের মধ্যে যারা তাদের পদের মেয়াদে যথাযথভাবে অবহিতকরণের পরেও লিখিতভাবে বৈধ কারণ না দেখিয়ে সূচিভুক্ত D75-এর প্রতিমাসের নিয়মিত মিটিংগুলির তিনটিতে উপস্থিত থাকতে অস্বীকৃতি অথবা অবহেলা করেন, তাদেরকে ধরে নেয়া হবে তারা পদত্যাগ করেছেন।

i. প্রতিটি অনুপস্থিতি এবং লিখিত ব্যাখ্যা ঐ মিটিংয়ের দাপ্তরিক কার্যবিবরণীতে লিপিবদ্ধ করা হবে।

ii. নিম্নলিখিত বিষয়গুলি অনুপস্থিতির জন্য বৈধ কারণ হিসাবে গণ্য হয়ে থাকে: কোনও আত্মীয়ের মৃত্যু বা আত্মীয়ের অন্ত্যেষ্টিক্রিয়ায় অংশগ্রহণ; D75 কাউন্সিল সদস্য বা পরিবারের কারো মারাত্মক অসুখ বা আহত হওয়া; জুরি ডিউটিসহ বাধ্যতামূলক কোর্ট হাজিরা; মিলিটারি ডিউটি; চাকুরির সাথে সম্পর্কিত দ্বন্দ্ব যার কারণে D75 সভায় অনুপস্থিতি থেকে রেহাই পাওয়া যায়নি; এবং অন্যান্য কারণ যা D75 উপযুক্ত মনে করে। অন্য এই রকম কারণ বৈধ ধরা হতে পারে যদি সেগুলি লিখিতভাবে অনুপস্থিতির 15 দিনের মধ্যে D75 কাউন্সিলে পাঠানো হয় এবং পরবর্তী নিয়মিত সূচিভুক্ত মাসিক মিটিংয়ের সময় D75 কাউন্সিলের ভোটে অনুমোদিত হয় যেখানে মিটিংয়ের কোরাম উপস্থিত।

iii. তৃতীয় অমার্জিত অনুপস্থিতির পর D75 কাউন্সিলকে আসনটি প্রস্তাব গ্রহণের মাধ্যমে শূন্য ঘোষণা করবে এবং FACE-কে এই পদক্ষেপের কথা জানিয়ে দেবে। পাবলিক অ্যাডভোকেট কর্তৃক নিযুক্ত ব্যক্তির আসন শূন্য ঘোষিত হবার ক্ষেত্রে, D75 কাউন্সিল পাবলিক অ্যাডভোকেটকেও অবহিত করবে।

b. যখন কোনও পিতামাতার পদ শূন্য হয়, তখন D75 কাউন্সিলকে মেয়াদের অবশিষ্ট সময়ের কোনো একটি উন্মুক্ত সভা থেকে সে পদ পূরণ করতে হবে।

i. D75 কাউন্সিল পদটি সম্পর্কে ব্যাপকভাবে প্রচার করবে, আবেদন প্রক্রিয়ার বিবরণ দেবে এবং আবেদনপত্র জমাদানের একটি সময়সীমা উল্লেখ করবে।

ii. সকল প্রার্থীকে অবশ্যই একটি করে D75 কাউন্সিল ভ্যাকেন্সি অ্যাপ্লিকেশন (পদশূন্যতা আবেদনপত্র) FACE থেকে সংগ্রহ করতে ও পূরণকৃত ফর্মটি FACE-এ জমা দিতে হবে। FACE আসন পূরণের যোগ্যতা পর্যালোচনা করবে, এবং যোগ্য প্রার্থীদের আবেদনপত্রের অংশসমূহ D75 কাউন্সিলে পাঠাবে।

iii. ডিস্ট্রিক্ট 75 প্রেসিডেন্টস্ কাউন্সিল এবং অন্যান্য আগ্রহ এডুকেশন গ্রুপকে লিখিত সুপারিশ প্রদানের সুযোগ দিতে হবে এবং শূন্য পদ পূরণের আগে D75 কাউন্সিলের সাথে মতবিনিময় করতে হবে।

c. টাই ভোটের ঘোষণা দেওয়ার 60 দিনের মধ্যে যদি D75 কাউন্সিলের পিতামাতাদের জন্য নির্দিষ্ট আসন পূরণ করা না হয়, তাহলে টাই ব্রেক করার জন্য চ্যান্সেলর ভোট দেবেন। যদি অন্য কারণে D75 কাউন্সিল 60 দিনের মধ্যে আসন পূরণ করতে ব্যর্থ হয়, তাহলে চ্যান্সেলর D75 কাউন্সিলকে সে শূন্য আসন পূরণের আদেশ দেবেন।

d. পাবলিক অ্যাডভোকেট কর্তৃক নিযুক্ত কোনও পদ যখন শূন্য হয়, পাবলিক অ্যাডভোকেট মেয়াদের অবশিষ্ট সময়ে পরিষেবাদানের জন্য একজন সদস্য মনোনয়ন করবেন। আগ্রহী প্রার্থীদেরকে অবশ্যই একটি করে D75 কাউন্সিল পাবলিক অ্যাভোকেট অ্যাপয়েন্টি অ্যাপ্লিকেশন (আবেদনপত্র) FACE থেকে সংগ্রহ করতে ও পূরণকৃত ফর্মটি FACE-এ জমা দিতে হবে। FACE আসন পূরণের যোগ্যতা পর্যালোচনা করার পর যোগ্য আবেদনগুলি পাবলিক অ্যাডভোকেটের কাছে পাঠাবে। মনোনয়নের সকল সিদ্ধান্ত পাবলিক অ্যাডভোকেটের বিবেচনা অনুযায়ী হবে।

2. শিক্ষার্থী সদস্যের পদশূন্যতা

শিক্ষার্থী পদশূন্যতার ক্ষেত্রে, ডিস্ট্রিক্ট 75 সুপারিন্টেন্ডেন্ট মেয়াদের অবশিষ্ট সময় কাজ করার জন্য একজন যোগ্য ডিস্ট্রিক্ট 75 সিনিয়র শিক্ষার্থীকে মনোনয়ন দেবে। ডিস্ট্রিক্ট 75 সুপারিনটেন্ডেন্ট FACE এবং D75 কাউন্সিলকে তার মনোনয়নের ব্যাপারে অবহিত করবে।

## III. অভিযোগ প্রক্রিয়া

এই প্রবিধানের প্রতিপালন নিশ্চিত করার ব্যাপারে সকল অভিযোগ চ্যান্সেলর বরাবর লিখিতভাবে বিধিভঙ্গের পাঁচ (5) দিনের মধ্যে জমা দিতে হবে এবং অবশ্যই এতে অভিযোগের কারণ সুনির্দিষ্টভাবে ব্যাখ্যা করতে হবে।

## IV. কৌশলগত সহায়তা

FACE এই প্রবিধানের অন্তর্ভুক্ত প্রক্রিয়া বাস্তবায়নের ব্যাপারে তত্ত্বাবধান করবে এবং প্রয়োজনীয় কৌশলগত সহায়তা প্রদান করবে।

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

অফিস অভ ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এমপাওয়ারমেন্ট

N.Y.C. Department of Education

52 Chambers Street – Room 409

New York, NY 10007

ফোন: 212-374-4118

ইমেইল: ccecinfo@schools.nyc.gov